

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৬.০০২.১৯.৫০৬

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬

১৩ নভেম্বর ২০১৯

বিষয়: বিটিভির ‘নতুন জীবন’ নামক অনুষ্ঠান ধারণের জন্য উঠান বৈঠক আয়োজন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিভিশনের “নতুন জীবন” নামক অনুষ্ঠানে আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় সমিতিভুক্ত উপকারভোগী সদস্যদের গৃহীত ক্ষুদ্র ক্ষুদ্র আয়বর্ধক কর্মকাণ্ডের উপর সচিত্র প্রতিবেদন প্রণয়ন করা প্রয়োজন। এলক্ষ্যে বাংলাদেশ টেলিভিশনের নির্বাহী প্রযোজক জনাব মোঃ সোলায়মান হক -এর নেতৃত্বে একটি কারিগরি টিম আগামী ১৮-২১ নভেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত রাজশাহী জেলার মোহনপুর উপজেলা ও নাটোর জেলার সদর উপজেলায় অবস্থান করবেন। প্রকল্পের মাইক্রোবাস যোগে ঢাকা মেট্রো চ-৫৩-৮৬৯৮ (ড্রাইভার মোঃ শহিদুল ইসলাম) প্রকল্পের সহকারী প্রোগ্রামার জনাব মোঃ সাইফুল ইসলাম খান বিটিভি টিমের সাথে উপস্থিত থাকবেন। প্রতিবেদন প্রণয়নের অংশ হিসেবে কারিগরি টিম উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও জনপ্রতিনিধি-গণের সাক্ষাৎকার গ্রহণ করবেন।

এমতাবস্থায়, সমিতি পর্যায়ে উঠান বৈঠক আয়োজন ও সাক্ষাতকার প্রদানসহ বিটিভি টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



১৭-১১-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

উপজেলা নির্বাহী অফিসার

মোহনপুর, রাজশাহী / নাটোর সদর, নাটোর।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.১৬.০০২.১৯.৫০৬/১(৭)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬

১৩ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, রাজশাহী / নাটোর।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প/ পিএসবি (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রাজশাহী/নাটোর।
- ৫) উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক (পিএসবি), আবাবাখা প্রকল্প, মোহনপুর, রাজশাহী/ নাটোর সদর, নাটোর।
- ৬) জনাব, .....
- ৭) অফিস নথি/, সংশ্লিষ্ট নথি



১৭-১১-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক